গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর

বাংলাদেশ সচিবালয়

ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা ১৫৪/২০১৮-২০১৯

ঢাকা, বুধবার ৬ ফেব্রুয়ারি ২০১৯, ২৪ মাঘ ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। প্রধানমন্ত্রী আজ ১২ উপজেলায় শতভাগ বিদ্যুতায়ন উদ্বোধন করবেন

২। মাদক ও দুর্নীতির বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিন : পুলিশ কর্মকর্তাদের প্রধানমন্ত্রী

৩। প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ডেনমার্ক, নরওয়ে ও আলজেরিয়ার প্রধানমন্ত্রীর অভিনন্দন
ডেনমার্ক ও নরওয়ের আরো বেশি বিনিয়োগ চায় প্রধানমন্ত্রী

৪। সংবিধান সমুন্নত রাখতে হবে : স্পিকার

৫। প্রধানমন্ত্রীর জার্মান সফর হবে মাইলফলক : সেতুমন্ত্রী

৬। দেশে এখন ব্যাপকভাবে ইলেকট্রনিক মিডিয়ার বিকাশ ঘটেছে : তথ্যমন্ত্রী

৭। বস্তুনিষ্ঠ সাংবাদিকতা খোলে সমাজের তৃতীয় নয়ন : তথ্যমন্ত্রী

৮। মামলার কারণে ৩৩টি স্থানে স্থানীয় সরকার নির্বাচন স্থগিত : সংসদে আইনমন্ত্রী

৯। বাংলাদেশ একটি উদীয়মান অর্থনৈতিক শক্তি : সংসদে অর্থমন্ত্রী

১০। এডিবি'র কাছে আরও সহায়তা চাইলেন : অর্থমন্ত্রী

১১। গ্রামকে আধুনিক শহরের সব সুবিধা দেওয়া হবে : সংসদে এলজিআরডি মন্ত্রী

১২। রোহিঙ্গা সংকট আঞ্চলিক অস্থিতিশীলতা সৃষ্টি করতে পারে : পররাষ্ট্রমন্ত্রী

১৩। প্রাতিষ্ঠানিক প্রসবের হার বাড়াতে হবে : স্বাস্থ্যমন্ত্রী

**১৪।	টিকফা কার্যকর করতে মার্কিন বিনিয়োগ বাড়ানোর আহ্বান বাণিজ্যমন্ত্রীর**

**১৫।	আবাসন ব্যবস্থায় বৈপ্লবিক পরিবর্তন চাই : গণপূর্তমন্ত্রী**

**১৬।	শিশুদের জন্য ইন্টারনেট নিরাপত্তা নিশ্চিতে উদ্যোগ নেয়া হয়েছে : তথ্যপ্রযুক্তি মন্ত্রী**

**১৭।	সব বিভাগে ক্যান্সার হাসপাতাল নির্মাণ শুরু শিঘ্রই : স্বাস্থ্য প্রতিমন্ত্রী**
**১৮।	এভিয়েশনখাতে প্রত্যাশার চেয়ে বেশি উন্নয়ন হয়েছে : পর্যটন প্রতিমন্ত্রী**

**১৯।	বিশ্ব ইজতেমা ১৮ ফেব্রুয়ারি পর্যন্ত চার দিন : ধর্ম প্রতিমন্ত্রী**

**২০।	একাদশ জাতীয় সংসদের আরও চার সংসদীয় স্থায়ী কমিটি গঠন**

**২১।	শিশু নির্যাতন বন্ধ করতে সবাইকে এগিয়ে আসতে হবে : মহিলা ও শিশু বিষয়ক সচিব**

**২২।	ঢাকায় ও জাতীয় নির্বাচনের মতো সুষ্ঠু ভোট চাই : সিইসি**
**২৩।	মাদকের মামলা ছয় মাসের মধ্যে নিস্পত্তির নির্দেশ হাইকোর্টের**
**২৪।	মানবসম্পদ উন্নয়নে ১৯২৫ কোটি টাকা অনুদান দেবে ইইউ**
**২৫।	মানবিকতার অনন্য দৃষ্টান্ত রেখেছে বাংলাদেশ : ইউএনএইচসিআর'র বিশেষ দূত অ্যাঞ্জেলিনা জোলি**

**চলমান পাতা-২**



**১।	প্রধানমন্ত্রী আজ ১২ উপজেলায় শতভাগ বিদ্যুতায়ন উদ্বোধন করবেন**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ (৬ ফেব্রুয়ারি বুধবার) আরইবি'র আওতাধীন ছয়টি পল্লী বিদ্যুৎ সমিতির **১২** উপজেলা শতভাগ বিদ্যুতায়নের শুভ উদ্বোধন করবেন। প্রধানমন্ত্রী তাঁর সরকারী বাসভবন গণভবন থেকে সকাল **১০**টায় ভিডিও কনফারেন্সের মাধ্যমে এ উদ্বোধন অনুষ্ঠানে যোগ দেবেন। **১২**টি উপজেলার শতভাগ বিদ্যুতায়ন উপলক্ষে সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণ এ ভিডিও কনফারেন্সে অংশগ্রহণ করবেন। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **ইনকিলাব** (শেষ পৃ,ক.১), **সমকাল** (পৃ.৫,ক.৬)।

**২।	মাদক ও দুর্নীতির বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিন : পুলিশ কর্মকর্তাদের প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সন্ত্রাস-জঙ্গিবাদ দমনে পুলিশের ভূমিকার প্রশংসা করে মাদক ও দুর্নীতির বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়ার নির্দেশ দিয়েছেন। পুলিশ সপ্তাহের দ্বিতীয় দিনে গতকাল (৫ ফেব্রুয়ারি মঙ্গলবার) ঢাকায় প্রধানমন্ত্রীর কার্যালয়ে উর্ধ্বতন পুলিশ কর্মকর্তাদের উদ্দেশে তিনি এ নির্দেশ দেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা পুলিশ বাহিনীকে আরও জনবান্ধব হিসেবে গড়ে তোলার ওপর গুরুত্বারোপ করে দ্রুত বিচারের স্বার্থে পুলিশের মামলার কার্যক্রম যথাসময়ে নিস্পত্তির জন্য নির্দেশ দেন। তিনি বলেন, দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে আপনাদের আরও জনবান্ধব পুলিশ সদস্য হিসেবে কাজ করতে হবে। জনগণের মাঝে বিশ্বাস ও আস্থা তৈরি করতে হবে। সূত্র-**সমকাল** (শেষ পৃ,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

**৩।	প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ডেনমার্ক, নরওয়ে ও আলজেরিয়ার প্রধানমন্ত্রীর অভিনন্দন**
**ডেনমার্ক ও নরওয়ের আরো বেশি বিনিয়োগ চায় প্রধানমন্ত্রী**

চতুর্থবারের মতো প্রধানমন্ত্রীর দায়িত্বভার গ্রহণ করায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ডেনমার্কের প্রধানমন্ত্রী লার্ক লকে রাসমসেন, নরওয়ের প্রধানমন্ত্রী ইরনা সলবার্গ ও আলজেরিয়ার প্রধানমন্ত্রী আহমেদ ওয়াইরা শুভেচ্ছা জানিয়েছেন। গতকাল (৫ ফেব্রুয়ারি মঙ্গলবার) পৃথক বার্তায় তাঁরা প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে এ অভিনন্দন জানান। এছাড়া গতকাল (৫ ফেব্রুয়ারি মঙ্গলবার) ডেনমার্কের রাষ্ট্রদূত উইনান স্টুপ পিটারসেন ও নরওয়ের রাষ্ট্রদূত সিডসেল ব্লেকেন প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সাক্ষাৎ করেন। এ সময় প্রধানমন্ত্রী বাংলাদেশের উন্নয়নের জন্য বিভিন্নখাতে ডেনমার্ক ও নরওয়েকে আরও বেশি বিনিয়োগের আহ্বান জানান। আলোচনাকালে নরওয়ে ও ডেনমার্কের রাষ্ট্রদূতরা বাংলাদেশের জ্বালানিখাতে সহায়তার প্রস্তাব করেন। তাঁরা প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশের আর্থ-সামাজিক

উন্নয়ন, বিশেষ করে নারীর কর্মসংস্থানের উচ্ছ্বসিত প্রশংসা করেন। রাষ্ট্রদূতরা দুর্নীতির বিরুদ্ধে প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকারের অভিযানেরও প্রশংসা করেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.১)।

**৪। সংবিধান সমুন্নত রাখতে হবে : স্পিকার**

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, বিশ্বের সর্বশ্রেষ্ঠ সংবিধানগুলোর মধ্যে বাংলাদেশের সংবিধান অন্যতম ও অনন্য। উত্তরাধিকার কিংবা সমঝোতার সূত্রে নয়, বরং লাখো শহিদের রক্তের বিনিময়ে অর্জিত এ সংবিধান। এ সংবিধানকে সমুন্নত রাখতে হবে। গতকাল (৫ ফেব্রুয়ারি মঙ্গলবার) ঢাকার ন্যাশনাল ডিফেন্স কলেজ আয়োজিত এক অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র : **সংবাদ** (শেষ পৃ,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.২,ক.৩)।

**৫। প্রধানমন্ত্রীর জার্মান সফর হবে মাইলফলক : সেতুমন্ত্রী**

বাংলাদেশ ও জার্মানির বিদ্যমান দ্বিপাক্ষিক সম্পর্ক আরও এগিয়ে নিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার আসন্ন জার্মানি সফর মাইলফলক হিসেবে উল্লেখ করেছেন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। গতকাল (৫ ফেব্রুয়ারি মঙ্গলবার) সচিবালয়ে মন্ত্রীর সাথে বাংলাদেশে নিযুক্ত জার্মান রাষ্ট্রদূত পিটার ফারেনহোজের সৌজন্য সাক্ষাতকালে মন্ত্রী এ কথা বলেন। সূত্র : **সংবাদ** (শেষ পৃ,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৪), **ডেইলি সান** (পৃ.২,ক.২), **এশিয়ান এজ** (শেষ পৃ,ক.১)।

**৬। দেশে এখন ব্যাপকভাবে ইলেকট্রনিক মিডিয়ার বিকাশ ঘটেছে : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, প্রধানমন্ত্রীর হাত ধরে প্রাইভেট টিভি চ্যানেল হয়েছে। দেশে এখন ব্যাপকভাবে ইলেকট্রনিক মিডিয়ার বিকাশ ঘটেছে। পাশাপাশি নাটক নির্মাণেও বেশ উন্নতি হয়েছে। গতকাল (৫ ফেব্রুয়ারি মঙ্গলবার) সচিবালয়ে তথ্য মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে নাটক পরিচালকদের সংগঠন ডিরেক্টরস গিল্ডের নেতাদের সঙ্গে মতবিনিময় সভায় তিনি এ কথা বলেন। মন্ত্রী আরো বলেন, নির্দোষ হয়েও জাহালমকে যে তিন বছর কারাভোগ করতে হয়েছে, এ ঘটনা অত্যন্ত দুঃখজনক ও অনভিপ্রেত। দুর্নীতি দমন কমিশন (দুদক) এ ঘটনায় দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেবে বলে আশা করি। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.২), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৫)।



**৭। বস্তুনিষ্ঠ সাংবাদিকতা খোলে সমাজের তৃতীয় নয়ন : তথ্যমন্ত্রী**

বস্তুনিষ্ঠ সাংবাদিকতা খোলে সমাজের তৃতীয় নয়ন : বস্তুনিষ্ঠ সাংবাদিকতা সমাজের তৃতীয় নয়ন খুলে দেয়, সমাজ ও রাষ্ট্রকে সঠিক পথে এগোতে সাহায্য করে বলে জানিয়েছেন তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ। গতকাল (৫ ফেব্রুয়ারি মঙ্গলবার) রাজধানীর তোপখানা রোডে বাংলাদেশ প্রেস কাউন্সিলে সাংবাদিকতার নীতিমালা, নৈতিকতা ও বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশনা প্রশিক্ষণ কর্মশালার সমাপনীতে প্রধান অতিথির বক্তৃতায় তিনি একথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.২)।

**৮। মামলার কারণে ৩৩টি স্থানে স্থানীয় সরকার নির্বাচন স্থগিত : সংসদে আইনমন্ত্রী**

আদালতে মামলাজনিত কারণে দেশের মোট ৩৩টি স্থানীয় সরকার নির্বাচন স্থগিত রয়েছে। গতকাল (৫ ফেব্রুয়ারি মঙ্গলবার) সংসদে এক প্রশ্নের জবাবে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী আনিসুল হক এ তথ্য জানান। মন্ত্রী জানান, মামলার কারণে স্থগিত হওয়া ৩৩টি স্থানীয় সরকার প্রতিষ্ঠানের মধ্যে রয়েছে ২৬টি পৌরসভা, ৩টি উপজেলা ও ৪টি ইউনিয়ন পরিষদ। অপর এক প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, দেশের সব জেলায় স্মার্ট কার্ড মুদ্রণ ও বিতরণ কাজ চলমান রয়েছে। ৬৪টি জেলায় একযোগে পর্যায়ক্রমে ১টি করে উপজেলায় স্মার্টকার্ড মুদ্রণপূর্বক ভোটারদের মাঝে বিতরণ করা হচ্ছে। সূত্র : **সংবাদ** (পৃ.১৫,ক.৮), **ভোরের কাগজ** (পৃ.৩,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৫)।

**৯। বাংলাদেশ একটি উদীয়মান অর্থনৈতিক শক্তি : সংসদে অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল সংসদে বলেন, বাংলাদেশ একটি উদীয়মান অর্থনৈতিক শক্তি। বর্তমান বিশ্ব অর্থনীতিতে বাংলাদেশ 'নেক্সট ইলেভেন (এন-১১)' দেশের অন্তর্ভুক্ত। বাংলাদেশে কৃষিক্ষেত্রে যান্ত্রিক পদ্ধতির ব্যবহার আগেই শুরু হয়েছে। শিল্প এবং সেবাখাত ক্রমান্বয়ে সম্প্রসারিত হচ্ছে। বিশ্বে পোশাক রফতানিকারক দেশের তালিকায় বাংলাদেশের অবস্থান দ্বিতীয়। আমাদের মানবসম্পদ দেশের ভেতরে এবং বাইরে থেকে অর্থনীতিতে ব্যাপক অবদান রেখে চলেছে। গতকাল (৫ ফেব্রুয়ারি মঙ্গলবার) অর্থমন্ত্রী 'বাংলাদেশ সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশনের বার্ষিক প্রতিবেদন, ২০১৬-১৭' উপস্থাপনকালে এসব কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.২,ক.৬), **ইনকিলাব** (পৃ.১,ক.৬)।

**১০। এডিবি'র আরও সহায়তা চাইলেন অর্থমন্ত্রী**

এশীয় উন্নয়ন ব্যাংকের (এডিবি) কাছে চলমান প্রকল্পের পাশাপাশি আরও নতুন এলাকায় তাদের সহযোগিতা চাইলেন অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। সহযোগিতা অব্যাহত রাখার পাশাপাশি এডিবি প্রকল্পের দ্রুত বাস্তবায়ন চায়। গতকাল (৫ ফেব্রুয়ারি মঙ্গলবার) এডিবি'র কান্ট্রি ডিরেক্টর মনমোহন প্রকাশের সঙ্গে ঢাকার আগারগাঁওয়ে অর্থনৈতিক

সম্পর্ক বিভাগে বৈঠক করেন অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৪), **যুগান্তর** ( পৃ.১,ক.৮**), নিউজ টুডে** (শেষ পৃ,ক.১), **ফিনানশিয়াল এক্সপেস** (শেষ পৃ,ক.৪)।

**১১। গ্রামকে আধুনিক শহরের সব সুবিধা দেওয়া হবে : সংসদে এলজিআরডি মন্ত্রী**

এলজিআরডি মন্ত্রী মোঃ তাজুল ইসলাম বলেছেন, একাদশ সংসদ নির্বাচনের আগে সমৃদ্ধির অগ্রযাত্রায় বাংলাদেশ শীর্ষক আওয়ামী লীগের নির্বাচনি ইশতেহারে উল্লেখ করা হয়েছিল যে, প্রতিটি গ্রামে আধুনিক নগর সুবিধা সম্প্রসারণের মাধ্যমে গ্রামকে নগরে পরিণত করা হবে। এ লক্ষ্যে 'আমার গ্রাম আমার শহর' উদ্যোগ গ্রহণের বিশেষ অঙ্গীকার করা হয়েছে। প্রতিটি গ্রামকে আধুনিক শহরের সকল সুবিধা প্রদানের ব্যবস্থা নেওয়া হবে। গতকাল (৫ ফেব্রুয়ারি মঙ্গলবার) জাতীয় সংসদ অধিবেশনে প্রশ্নোত্তরপর্বে মন্ত্রী এ কথা বলেন। সূত্র : **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.২), **ভোরের কাগজ** (পৃ.৮,ক.৫**), বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.২), **নিউ নেশন** (পৃ.৩,ক.১)।

**১২। রোহিঙ্গা সংকট আঞ্চলিক অস্থিতিশীলতা সৃষ্টি করতে পারে : পররাষ্ট্রমন্ত্রী**

পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন বলেছেন, রোহিঙ্গা সংকট দীর্ঘায়িত হলে এ অঞ্চলে অনিশ্চয়তা ও অস্থিতিশীলতা দেখা দিতে পারে। এ সমস্যা শুধু মিয়ানমার ও বাংলাদেশের নয় বরং এ অঞ্চলের অন্যান্য দেশের জন্যও বড় সমস্যার কারণ হতে পারে। এমনকি এটি বৈশ্বিক সমস্যা হিসেবে আবির্ভূত হতে পারে। গতকাল ৫ ফেব্রুয়ারি মঙ্গলবার) পররাষ্ট্রমন্ত্রীর দফতরে কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডোর মিয়ানমার বিষয়ক বিশেষ দূত বব রে'র সঙ্গে সাক্ষাতের পর তিনি সাংবাদিকদের এসব কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.২,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.২,ক.৩**), অবজারভার** (পৃ.১,ক.৮), **নিউ এজ** (পৃ.১,ক.৮)।

**১৩। প্রাতিষ্ঠানিক প্রসবের হার বাড়াতে হবে : স্বাস্থ্যমন্ত্রী**

যেসব গর্ভবতী মা হাসপাতালে গিয়ে নিরাপদ প্রসবে অনাগ্রহ দেখাচ্ছে তাদেরকে উদ্দেশ্য করে সচেতনতামূলক কর্মসূচিসহ বিশেষ পদক্ষেপ নিতে সংশ্লিষ্টদের নির্দেশ দিয়েছে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জাহিদ মালেক। তিনি বলেন, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অনুযায়ী মাতৃমৃত্যু ও শিশুমৃত্যুর হার কমাতে প্রাতিষ্ঠানিক প্রসবের হার বাড়াতে হবে। বর্তমানে এ হার মোটেও আশাব্যঞ্জক নয়। তাই এ বিষয়টির দিকে মনোযোগ দিয়ে কর্মপরিকল্পনা গ্রহণের নির্দেশ দেন তিনি। গতকাল (৫ ফেব্রুয়ারি মঙ্গলবার) সচিবালয়ে পরিবার পরিকল্পনা অধিদফতরের কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় সভায় সভাপতিত্বকালে স্বাস্থ্যমন্ত্রী একথা বলেন। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৫), **ইনকিলাব** (পৃ.১১,ক.৮**), ডেইলি সান** (পৃ.২,ক.২)।



**১৪। টিকফা কার্যকর করতে মার্কিন বিনিয়োগ বাড়ানোর আহ্বান বাণিজ্যমন্ত্রীর**

টিকফা কার্যকর করতে বাংলাদেশে বিনিয়োগ বাড়ানোর আহ্বান জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি। ঢাকায় নিযুক্ত যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত আর্ল রবার্ট মিলারকে উদ্দেশ করে মন্ত্রী বলেন, এদেশে পণ্য রফতানি বাড়াতে হলে মার্কিন বিনিয়োগ বাড়ানো প্রয়োজন। তিনি বলেন, বাণিজ্য ঘাটতি কমে আসবে পণ্য রফতানির মাধ্যমে। বাংলাদেশে এখন বিনিয়োগবান্ধব পরিবেশ বিরাজ করছে। ওয়ান স্টপ সার্ভিসের মাধ্যমে বিনিয়োগ সহজীকরণ করা হয়েছে। এছাড়া বিদেশি বিনিয়োগকারীরা ট্যাক্স হলিডেসহ লভ্যাংশ তুলে নিতে বিভিন্ন সুযোগ-সুবিধা বাড়ানো হয়েছে। দেশি-বিদেশি বিনিয়োগ আকর্ষণে অবকাঠামোখাতের ব্যাপক উন্নয়ন হচ্ছে। এ পরিস্থিতিতে এদেশে মার্কিন বিনিয়োগ দ্রুত বাড়াতে হবে। গতকাল (৫ ফেব্রুয়ারি মঙ্গলবার) সচিবালয়ে ঢাকায় নিযুক্ত যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত আর্ল রবার্ট মিলার এর সৌজন্য সাক্ষাৎকালে মন্ত্রী এ কথা বলেন। সূত্র : **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৭), **ইত্তেফাক** (পৃ.২,ক.২**), নিউজ টুডে** (শেষ পৃ,ক.২), **এশিয়ান এজ** (শেষ পৃ,ক.৫)।

**১৫। আবাসন ব্যবস্থায় বৈপ্লবিক পরিবর্তন চাই : গণপূর্তমন্ত্রী**

গৃহায়ন ও গণপূর্তমন্ত্রী শ. ম. রেজাউল করিম বলেছেন, বাংলাদেশের আবাসন ব্যবস্থায় আমরা একটি বৈপ্লবিক পরিবর্তন আনতে চাই। ঝিলমিল প্রকল্প, পূর্বাচল প্রকল্প, উত্তরা ৩য় ফেজ, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের বিভিন্ন হাউজিং প্রকল্প, উত্তরায় পরিকল্পনাধীন হাইরাইজ বিল্ডিং প্রকল্প, এসব ক্ষেত্রে বিদেশী বিনিয়োগকারীরাও এগিয়ে আসছেন। আমরা বাংলাদেশকে সিঙ্গাপুর বানাতে চাই। মানুষই আমাদের বড় সম্পদ। উত্তরার ১৮নং সেক্টরে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের (রাজউক) উত্তরা এপার্টমেন্ট প্রকল্প পরিদর্শনকালে এক বৈঠকে তিনি এসব কথা বলেন। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.২,ক.৭), **যুগান্তর** (পৃ.২,ক.৩**)**।

**১৬। শিশুদের জন্য ইন্টারনেটে নিরাপত্তা নিশ্চিতে উদ্যোগ নেওয়া হয়েছে : তথ্যপ্রযুক্তি মন্ত্রী**

শিশুদের জন্য ইন্টারনেট নিরাপত্তা নিশ্চিত করতে অ্যাপসহ খারাপ কনটেন্ট ফিল্টারিংয়ের উদ্যোগ নেওয়া হয়েছে। পাশাপাশি শিশুদেরকে ইন্টারনেট সম্পর্কে সচেতনতা বাড়াতে প্রাথমিক স্তর থেকে তথ্যপ্রযুক্তি শিক্ষা বাধ্যতামূলক করা অপরিহার্য। গতকাল (৫ ফেব্রুয়ারি মঙ্গলবার) কাওরানবাজারের সফটওয়্যার টেকনোলজি পার্কের সম্মেলনকক্ষে ইউনিসেফ আয়োজিত বাংলাদেশে শিশুদের জন্য অনলাইন নিরাপত্তাবিষয়ক সম্মেলনে প্রধান অতিথির বক্তৃতায় ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রী মোস্তাফা জব্বার এসব কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৪,ক.১), **যুগান্তর** (পৃ.২,ক.৬), **নিউ নেশন** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (পৃ.১,ক.৬)।

**১৭।　সব বিভাগে ক্যান্সার হাসপাতাল নির্মাণ শুরু শিঘ্রই : স্বাস্থ্য প্রতিমন্ত্রী**

আওয়ামী লীগের নির্বাচনি ইশতেহার অনুযায়ী সব বিভাগীয় শহরে ১০০ শয্যার ক্যান্সার হাসপাতাল নির্মাণের কাজ শিঘ্রই শুরু হবে বলে জানিয়েছেন স্বাস্থ্য প্রতিমন্ত্রী ডা. মুরাদ হাসান। বিশ্ব ক্যান্সার দিবস উপলক্ষে গতকাল (৫ ফেব্রুয়ারি মঙ্গলবার) রাজধানীর উত্তরায় আহ্ছানিয়া মিশন অ্যান্ড ক্যান্সার জেনারেল হাসপাতালে আলোচনাসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৫), **ইত্তেফাক** (পৃ.৩,ক.৬)।

**১৮।　এভিয়েশনখাতে প্রত্যাশার চেয়ে বেশি উন্নয়ন হয়েছে : পর্যটন প্রতিমন্ত্রী**

বর্তমান সরকারের বিগত  দশ বছরে দেশের এভিয়েশন সেক্টরে প্রত্যাশার চেয়েও বেশি উন্নয়ন হয়েছে। এরই ধারাবাহিকতায় আগামী পাঁচ বছরে এ খাতের অবস্থান দক্ষিণ এশিয়ার শীর্ষে পৌঁছানোর লক্ষ্য নিয়ে আরও ব্যাপক প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে। ইন্টারন্যাশনাল ফিন্যান্স কর্পোরেশন এর কান্ট্রি ম্যানেজার মিজ ইউনডি ওয়ার্নারের সঙ্গে বিশেষ বৈঠকের পর বেসামরিক বিমান চলাচল ও পর্যটন প্রতিমন্ত্রী এডভোকেট মাহবুব আলী গতকাল (৫ ফেব্রুয়ারি মঙ্গলবার) সাংবাদিকদের এ কথা জানান। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৪,ক.৮), **বণিক বার্তা** ( শেষ পৃ,ক.৪)।

**১৯।　বিশ্ব এজতেমা ১৮ ফেব্রুয়ারি পর্যন্ত চার দিন : ধর্ম প্রতিমন্ত্রী**

বিশ্ব এজতেমার সময়সীমা এবার বাড়ানো হয়েছে। একদিন বাড়িয়ে বিশ্ব এজতেমা ১৫ থেকে ১৮ ফেব্রুয়ারি চার দিন হবে বলে জানিয়েছেন ধর্ম প্রতিমন্ত্রী এডভোকেট শেখ মোহাম্মদ আব্দুল্লাহ। গতকাল (৫ ফেব্রুয়ারি মঙ্গলবার) সচিবালয়ে তাবলীগ জামাতের দুইপক্ষের সঙ্গে বৈঠকশেষে এ সিদ্ধান্ত হয়। সূত্র : **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.১), **সংবাদ** (শেষ পৃ,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮)।

২০। **একাদশ জাতীয় সংসদের আরও চার সংসদীয় স্থায়ী কমিটি গঠন**

একাদশ জাতীয় সংসদের আরও চারটি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি গঠন করা হয়েছে। এর আগে গত ৪ ফেব্রুয়ারি সোমবার ৫টি সংসদীয় কমিটি গঠন করা হয়। স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে গতকাল মঙ্গলবার জাতীয় সংসদ অধিবেশনে সংসদীয় কমিটিগুলোর সভাপতি ও সদস্যদের নাম প্রস্তাব করেন চিফ হুইপ নূর-ই-আলম চৌধুরী লিটন। পরে কণ্ঠভোটে সর্বসম্মতভাবে কমিটিগুলো পাস হয়। গতকাল (৫ ফেব্রুয়ারি মঙ্গলবার) গঠিত চারটি সংসদীয় কমিটি হলো শিক্ষা, নৌ পরিবহণ, মুক্তিযুদ্ধ বিষয়ক এবং পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.২,ক.১), **যুগান্তর** (পৃ.১৯,ক.৮), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.৪) ।

২১। **শিশু নির্যাতন বন্ধ করতে সবাইকে এগিয়ে আসতে হবে : মহিলা ও শিশু বিষয়ক সচিব**

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সচিব কামরুন নাহার বলেছেন, শিশু নির্যাতন বন্ধ করতে সকলকে এগিয়ে আসতে হবে। গতকাল (৫ ফেব্রুয়ারি মঙ্গলবার) রাজধানীর ইস্কাটনে মহিলাবিষয়ক অধিদফতরের মাল্টিপারপাস হলে মহিলাবিষয়ক মন্ত্রণালয়ের আয়োজনে এপিএ বাস্তবায়ন সংক্রান্ত এক সফটওয়্যারের উপর মন্ত্রণালয়ের কর্মকর্তাদের এক ওরিয়েন্টেশন কর্মশালায় প্রধান অতিথির বক্তৃতায় তিনি এ কথা বলেন। মহিলা ও শিশু বিষয়ক সচিব শিশুর জন্য একটি নিরাপদ বাংলাদেশ গড়তে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সকল কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করেছেন। তিনি বলেন, শিশু অধিকার রক্ষায় সকলকে সচেষ্ট থাকতে হবে। আর এ বিষয়ে কোনো রকমের অবহেলা গ্রহণযোগ্য নয়। এপিএ'র টার্গেট নির্ধারণের ক্ষেত্রে সক্ষমতার দিকে খেয়াল রাখার আহ্বানও জানান তিনি। সূত্র : **সংবাদ** (পৃ.১৫,ক.৭)।

২২। **ঢাকায়ও জাতীয় নির্বাচনের মতো সুষ্ঠু ভোট চাই : সিইসি**

একাদশ জাতীয় সংসদ নির্বাচনের মতো ঢাকা সিটি করপোরেশনের ভোটও সুষ্ঠু করতে চান প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কে এম নূরুল হুদা। ঢাকার দুই সিটির রিটার্নিং কর্মকর্তা ও নির্বাহী ম্যাজিস্ট্রেটদের উদ্দেশে তিনি বলেন, আমরা চাই আপনাদের পরিচালনায় ঢাকা সিটি করপোরেশনের নির্বাচনও সুষ্ঠু হবে, যেমনটি হয়েছে জাতীয় সংসদ নির্বাচনে। গতকাল (৫ ফেব্রুয়ারি মঙ্গলবার) রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউট ভবনে রিটার্নিং কর্মকর্তা ও নির্বাহী ম্যাজিস্ট্রেটদের ব্রিফিং অনুষ্ঠানে সিইসি এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৫), **সংবাদ** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

২৩। **মাদকের মামলা ছয় মাসের মধ্যে নিষ্পত্তির নির্দেশ হাইকোর্টের**

দেশের নিম্নআদালতে অভিযোগপত্র (চার্জশিট) আমলে নেওয়া মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে করা সব মামলা ছয় মাসের মধ্যে নিষ্পত্তির নির্দেশ দিয়েছে হাইকোর্ট। একইসঙ্গে জেলা প্রশাসক, পুলিশ সুপার, ওসি এবং তদন্ত কর্মকর্তাকে মামলা নিষ্পত্তির ক্ষেত্রে সহযোগিতা করতে বলা হয়েছে। তিন বছর ধরে কারাগারে থাকা মাদক মামলার আসামি মিজানুর রহমান বাড়ৈর জামিন শুনানিতে বিচারপতি এম ইনায়েতুর রহিম ও বিচারপতি মো. মোস্তাফিজুর রহমান সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ গতকাল (৫ ফেব্রুয়ারি মঙ্গলবার) এ আদেশ দেন। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

২৪। **মানবসম্পদ উন্নয়নে ১৯২৫ কোটি টাকা অনুদান দেবে ইইউ**

মানবসম্পদ উন্নয়নে বাংলাদেশকে ২০ কোটি ৫৫ লাখ ইউরো অনুদান দিচ্ছে ইউরোপীয় ইউনিয়ন (ইইউ)। স্থানীয় মুদ্রায় যার পরিমাণ এক হাজার ৯২৫ কোটি টাকা। গতকাল (৫ ফেব্রুয়ারি মঙ্গলবার) অর্থনৈতিক সম্পর্ক বিভাগের (ইআরডি) সম্মেলনকক্ষে ইইউ'র সঙ্গে এ সংক্রান্ত একটি চুক্তি স্বাক্ষর হয়েছে। ইআরডি সচিব মনোয়ার আহমেদ ও বাংলাদেশে ইইউ'র রাষ্ট্রদূত রেন্সজে তেরিংক অনুদান চুক্তিতে স্বাক্ষর করেন। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.৭)।
**জনকণ্ঠ** (পৃ.২,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১)।

২৫। **মানবিকতার অনন্য দৃষ্টান্ত রেখেছে বাংলাদেশ : ইউএনএইচসিআরের বিশেষ দূত অ্যাঞ্জেলিনা জোলি**

রোহিঙ্গাদের আশ্রয় দেওয়ার জন্য বাংলাদেশের প্রশংসা করে এদেশের পাশে দাঁড়ানোর জন্য বিশ্ব সম্প্রদায়ের প্রতি আহ্বান জানিয়েছেন হলিউডের অভিনেত্রী অ্যাঞ্জেলিনা জোলি। জাতিসংঘের শরণার্থীবিষয়ক সংস্থা ইউএনএইচসিআরের এ বিশেষ দূত বলেন, আশ্রয় নেওয়া রোহিঙ্গাদের সংখ্যাটা এত বিশাল যে, বাংলাদেশ তা সামলাতে পারবে না। এ কারণেই সবার সহযোগিতা দরকার। জোলি বলেন, স্বল্প সামর্থ্যের মধ্যেও বিপুলসংখ্যক রোহিঙ্গাকে আশ্রয় দিয়ে বাংলাদেশ মানবিকতার অনন্য দৃষ্টান্ত স্থাপন করেছে। এখন বিশ্ব সম্প্রদায়কে এ সংকট মোকাবিলায় এগিয়ে আসতে হবে। গতকাল (৫ ফেব্রুয়ারি মঙ্গলবার) কক্সবাজারের উখিয়ায় রোহিঙ্গা শিবির পরিদর্শনশেষে সংবাদসম্মেলনে তিনি এ কথা বলেন। সূত্র-**সমকাল** (শেষ পৃ,ক.৩), **ইত্তেফাক** (শেষ পৃ,ক.৬), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **নিউ নেশন** (পৃ.১,ক.১)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** দেশের সড়ক-মহাসড়ক জুড়ে বিশৃঙ্খলা কোনোভাবেই থামছেনা উল্লেখ করে সড়কেও যানজট কমাতে, মৃত্যুর মিছিল থামাতে জরুরি পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

খ. **যায়যায়দিন :** গাইবান্ধা শহরের নতুনবাজার থেকে বিপুল পরিমাণ প্লাস্টিকের কৃত্রিম চাল উদ্ধার করেছে পুলিশ এ খবরে নিন্দা প্রকাশ করে এ ধরনের কর্মকাণ্ডের সাথে জড়িতদের বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা নেওয়ার দাবি।

গ. **ভোরের কাগজ, নিউ এজ :** শুধুমাত্র নাম বিভ্রাটের কারণে দুর্নীতি দমন কমিশনের মামলায় বিনা অপরাধে দীর্ঘ তিন বছর কারাবাসে ছিলেন পাটকল শ্রমিক জাহালম উল্লেখ করে তাকে প্রয়োজনীয় ক্ষতিপূরণ দেওয়ার সুপারিশ।

ঘ. **ইনকিলাব :** গত এক দশকে দেশের অর্থনীতিতে বৈপ্লবিক পরিবর্তন ঘটেছে উল্লেখ করে অর্থনৈতিক সম্ভাবনাকে জাতীয় লক্ষ্য অর্জনের দিকে নিয়ে যেতে দেশে সুশাসন নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ।

ঙ. **সংবাদ :** সারাদেশের নদীগুলো দখল ও দূষণের কারণে জীববৈচিত্র্য শূন্য হয়ে পড়ায় উদ্বেগ প্রকাশ করে হাইকোর্টের রায় বাস্তবায়িত হলে অবৈধ দখলদারদের কবল থেকে নদীগুলো উদ্ধার করা সম্ভব বলে মতপ্রকাশ।

চ. **নিউজ টুডে :** মেডিকেল বর্জ্য, ই-বর্জ্য ও বিভিন্ন ধরনের বর্জ্যের কারণে পরিবেশ মারাত্মকভাবে দূষণ হচ্ছে উল্লেখ করে পর্যাপ্ত বর্জ্য ব্যবস্থাপনা গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

ছ. **নিউ নেশন :** দরিদ্র ক্যান্সার রোগীদের জন্য স্বল্পমূল্যে চিকিৎসাসেবার ব্যবস্থা করার সুপারিশ।

## উপসম্পাদকীয়

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, দেশ ও জনগণের কল্যাণে গণতন্ত্রকে প্রাতিষ্ঠানিক রূপ দিতে হলে সংসদ সদস্যসহ সবাইকে এগিয়ে আসতে হবে।

## নিবন্ধ ও ফিচার

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত **'সবজির দরপতনে হতাশ কৃষক'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, উত্তম কৃষিচর্চা অনুসরণ করে মানসম্মত নিরাপদ সবজির উৎপাদন বৃদ্ধি ও বিদেশে সবজি রপ্তানির পরিমাণ বাড়ানোর ব্যাপারে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে।

#

ডালিয়া/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা